

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০

২. কিতাবুল ওহী (كتاب الوحى)

আরবী

أَخْبَرَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدِ بْنِ الْمُبَارَكِ الْهَرَوِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ قَالَ: لَمَّا نَزَلَتْ {لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ} [النساء: 95] قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْه وَسَلَّى:

ادْعُ لِي زَيْدًا وَيَجِيءُ مَعَهُ بِاللَّوْحِ وَالدَّوَاةِ ـ أَوْ بِالْكَتِفِ وَالدَّوَاةِ ـ ثُمَّ قَالَ: اكْتُبْ {لَا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ} {وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ الله} [النساء: 95] قَالَ: وَخَلْفَ ظَهْرِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَمْرُو بْنُ أُمِّ مَكْتُومٍ الْأَعْمَى [ص: 170] قَالَ: يَا رَسُولَ اللَّهِ فَمَا تَأْمُرُنِي فَإِنِّي رَجُلُ ضَرِيرُ الْبَصَرِ؟ قَالَ الْبَرَاءُ: فَأُنزلت مَكَانَهَا {غَيْرَ أُولِي الضرر} [النساء: 95].

 $\Box\Box$

[تعليق الشيخ الألباني]

صحيح: خ.

বাংলা

ذكر الخبر المدحض قول من زعم أن اللَّهَ جَلَّ وَعَلَا لَمْ يُنْزِلْ آيَةً وَاحِدَةً إلا بكمالها

সেই সকল লোক যারা ধারণা করে যে, আল্লাহ জাল্লা ও আলা পূর্ণ আয়াত ব্যতীত কখনো (খণ্ড) আয়াত নাযিল করেননি'- তাদের এ বক্তব্য বাতিল হওয়ার বর্ণনা:



80. বারাআ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, آلمُوْمِنِيْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ আয়াতটি অবতীর্ণ হলে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, যায়দকে আমার কাছে ডেকে আন এবং তাকে বল সে যেন কাষ্ঠখন্ড এবং দোয়াত অথবা কাঁধের হাড় এবং দোয়াত নিয়ে আসে। এরপর তিনি বললেন, লিখ: ﴿لَا يَسْتَوِي الْقَاعِدُونَ فِي سَبِيلِ الله} [النساء: 95]

এ সময় অন্ধ সাহাবী আমর ইবনু উন্মু মাকতূম (রাঃ) নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর পেছনে বসা ছিলেন। তিনি বললেন, আমি তো অন্ধ, আমার ব্যাপারে আপনার কী নির্দেশ? বারা (রাঃ) বলেন: এ কথার প্রেক্ষিতে পূর্বোক্ত আয়াতের স্থলে অবতীর্ণ হলঃ ''সমান নয় সেসব মু'মিন যারা বিনা ওজরে ঘরে বসে থাকে এবং ঐসব মু'মিন যারা আল্লাহর পথে নিজেদের জানমাল দিয়ে জিহাদ করে''- (সুরাহ আন-নিসা ৪/৯৫)।[1]

ফুটনোট

[1] আলবানী: সহীহ। আরনাউত্ব: সহীহ। তাখরীজ: আহমাদ ৪/২৯০-২৯৯; বুখারী, ৪৯৯০; নাসাঈ ৬/১০;

যায়দ ইবনু সাবিত হতে বুখারী, ২৮৩২, ৪৫৯২; তিরমিযী, ৩০৩৩; নাসাঈ ৬/৯-১০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86938

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন